

জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ ব্যবসাবান্ব পরিবেশ সৃষ্টির প্রতিশ্রুতি

আজাদী প্রতিবেদন

‘মুজিব বর্ষের অঙ্গীকার, ইএফডিতে এনবিআর’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে চট্টগ্রামে অনুষ্ঠিত হয়েছে জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ-২০২০। গতকাল বিকেলে নগরীর আগ্রাবাদ সিজিও বিল্ডিংয়ের ভ্যাট কার্যালয়ের সম্মেলন কক্ষের অনুষ্ঠানে সর্বোচ্চ ভ্যাট প্রদানকারী ৪ প্রতিষ্ঠানকে সম্মাননা দেয়া হয়। একই সাথে ভার্চুয়াল আলোচনা সভাও অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট চট্টগ্রামের অতিরিক্ত কমিশনার মো. কামরুজ্জামান। এছাড়া মূল প্রবন্ধ উপস্থাপন করেন উপ-কমিশনার মো. আহসান উল্লাহ। মূল প্রবন্ধের ওপর আলোচনায় অংশ নেন চট্টগ্রাম কাস্টম হাউসের কমিশনার মোহাম্মদ ফখরুল আলম এবং কাস্টমস বণ্ড কমিশনারেট চট্টগ্রামের কমিশনার মো.



মাহাবুবুজ্জামান। এছাড়া অন্যদের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম চেম্বারের সভাপতি মো. মাহাবুবুল আলম এবং চট্টগ্রাম উইম্যান চেম্বারের সহ-সভাপতি আবিদা সুলতানা।

সভাপতির বক্তব্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট চট্টগ্রামের কমিশনার মো. আকবর হোসেন ব্যবসাবান্ব পরিবেশ সৃষ্টির প্রতিশ্রুতি প্রদান করেন এবং করদাতাদের স্বচ্ছতার সাথে ব্যবসা পরিচালনার আহ্বান

জানান। এদিকে এবার জাতীয় পর্যায়ের জেলা ভিত্তিক সর্বোচ্চ ভ্যাটদাতা হিসেবে চট্টগ্রাম ভ্যাটের অধিভুক্ত ৪ প্রতিষ্ঠানকে সম্মাননা দেয়া হয়। উৎপাদন খাতে চট্টগ্রামের এক্সক্লিসিভ ক্যান লিমিটেড, সেবা খাতে চট্টগ্রামের চৌধুরী টি ওয়্যার হাউস এবং বান্দরবানের ভেনাস রিসোর্ট এন্ড কফি হাউস ও ব্যবসায় খাতে খাগড়াছড়ির মেসার্স ফোর স্টোর এন্টারপ্রাইজের প্রতিনিধির হাতে সম্মাননাপত্র ও ক্রেস্ট তুলে দেয়া হয়।